

খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতির বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ

খুলনা ব্যুরো

খুলনা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও স্যোপ, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি স্কুলের ডিন প্রফেসর ড. রেজাউল করিমের বিরুদ্ধে অর্থ আত্মসাত এবং দুর্ব্যবহারের দুটি পৃথক অভিযোগ উত্থাপন করেছেন একই কুলের কয়েকজন শিক্ষক।

শিক্ষক নেতার বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করার পর চার দলীয় জোট বা সরকার সমর্থিত শিক্ষকরা পরস্পর বিরোধী দুটি গ্রুপে বিভক্ত হয়ে পড়েছে। বিএনপি পন্থী উপাচার্য প্রফেসর এম আবদুল কাদির ভূঁইয়াও নিজ দলভুক্ত ওই শিক্ষককে শাসোস্তা করার জন্য উঠে পড়ে লেগেছেন এবং অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে তিনি সিনিয়র ৫ শিক্ষকের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করেছেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সম্প্রতি স্যোপ, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি স্কুলের ছাত্র ভর্তি বিষয়ক পাঁচ সদস্যবিশিষ্ট কমিটির চারজনই উপাচার্য বরাবর এক লিখিত পত্রে ড. রেজাউল করিমের বিরুদ্ধে ছাত্র ভর্তির সময় অর্থ আত্মসাতের অভিযোগ করেন। ওই কমিটির প্রধান ছিলেন ড. রেজাউল করিম। এছাড়া সংশ্লিষ্ট স্কুলের বিভিন্ন ডিসিপ্রিনের শিক্ষকরা একযোগে ডিনের দুর্ব্যবহারে অতিষ্ঠ হয়ে অভিযোগ করেন।

উপাচার্য লিখিত অভিযোগ পাওয়ার কথা সাংবাদিকদের কাছে স্বীকার করেছেন। তিনি তদন্ত কমিটি গঠনের কথাও জানান। অন্যদিকে ড. রেজাউল করিম তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেছেন, একটি মহল তার বিরুদ্ধে চক্রান্ত করছে।